

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০১৮.১৫.০০২.১১(অংশ)-২৮৯

তারিখঃ ২২ আষাঢ়, ১৪২৪
০৬ জুলাই, ২০১৭

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের ০৪ জানুয়ারি ২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১. ২১২১.১৬-০৬ নম্বর স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থী-কে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের “সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ণ প্রশিক্ষণ)” পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-৯ টা: ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃ নং	প্রার্থীর নাম, রেজি: নং এবং পিতা/মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	জনাব মোঃ আব্দুল মান্নান রেজিঃ নম্বর-০০০০১২ পিতা-জনাব মোঃ আব্দুর রহিম মাতা- নাছিমা বেগম	গ্রাম-দড়িখলিসা ডাকঘর- রামপুর বাজার উপজেলা- কালিহাতি জেলা- টাঙ্গাইল।	১২২, সূর্যসেন হল ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি. ক্যাম্পাস) রমনা, ঢাকা।

শর্তাবলীঃ

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। তিনি ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। প্রয়োজন হলে সরকার মেয়াদকাল আরো ০২ (দুই) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবে;
- শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন কিংবা তাঁর আচরণ ও কার্য সন্তোষজনক না হয় তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে;
- শিক্ষানবিসকাল সন্তোষজনক বিবেচিত হলে নিয়োগবিধির শর্ত অনুযায়ী তাঁর চাকুরি স্থায়ী করা হবে;
- চাকরিতে যোগদান করার পর তাঁকে প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে উক্ত সময়ের মধ্যে তাঁকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন;
- যদি তাঁর ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঘ) মোতাবেক সরকারের প্রাপ্য সমুদয় অর্থ ফেরৎ না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (ঘ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 (Bengle Act No.111 of 1913) এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- চাকরিতে জ্যেষ্ঠতা এতদসংক্রান্ত প্রচলিত বিধি-বিধানের আলোকে নির্ধারিত হবে;
- তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদান কালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

চলমান পাতা-২

